রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, কুষ্টিয়া-৭০০৩
ফোন : +৮৮ ০৭১-৭৪৯০৪ অফিস, (০৭১) ৭৩৪৩৩ বাসা, পিএবিএক্স: ৭৪৯১০-৭৪৯২০ এক্স. ২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০৭১-৭৪৯০৫, ই-মেইল : registrar@iu.ac.bd, web :www.iu.ac.bd

ইসলামী বিশ্ববিদ্যালয়

MUJIB মুজিব শতবর্ষ 100

নং : প্রশা:/ই.বি-২০২২/৭৭১ তারিখ : ১৫.৬.২০২২

নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী

ইসলামী বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ভাতাদিসহ বিভিন্ন বিভাগের নিম্নবর্ণিত পদগুলো পূরণের নিমিত্তে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রমিক	বিভাগের নাম	পদের নাম ও সংখ্যা ও বেতন স্কেল	আবেদনের সংশ্লিষ্ট বিষয়সমূহ
০১.	পরিসংখ্যান	প্রভাষক ০১টি স্থায়ী [২২০০০-৫৩০৬০/= গ্রেড-৯]	পরিসংখ্যান
		সহকারী অধ্যাপক ০২টি স্থায়ী [৩৫৫০০-৬৭০১০/= গ্রেড-৬] সহকারী অধ্যাপক না পাওয়া গেলে তার বিপরীতে প্রভাষক (অস্থায়ী) নিয়োগ প্রদান করা হবে। [২২০০০-৫৩০৬০/= গ্রেড-৯]	
০২.	ফাইন আর্টস	অধ্যাপক ০১টি স্থায়ী [৫৬৫০০-৭৪৪০০/= গ্রেড-৩য়]	ড্রয়িং এন্ড পেইন্টিং/গ্রাফিক ডিজাইন/প্রিন্ট মেকিং/ক্রাফ্‌ট
		সহকারী অধ্যাপক ০১টি স্থায়ী [৩৫৫০০-৬৭০১০/= গ্রেড-৬]	
		প্রভাষক ০১টি স্থায়ী [২২০০০-৫৩০৬০/= গ্রেড-৯]	

প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য তথ্যাবলী নিম্নরূপঃ

ফাইন আর্টস বিভাগের জন্য প্রযোজ্য

১। অধ্যাপকঃ

ফাইন আর্টসে পিএইচ.ডি/সমমানের ডিগ্রী থাকলে ১৪ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে তন্মধ্যে ০৫ (পাঁচ) বছর সহযোগী অধ্যাপক হিসেবে। কমপক্ষে ০৯ টি স্বীকৃত জার্নালে প্রকাশনা যার মধ্যে ০৪টি সহযোগী অধ্যাপক হিসেবে। বিষয়ভিত্তিক নিজস্ব শিল্পকর্মের নমুনা জমা দিতে হবে (যদি থাকে)। ফাইন আর্টসে এম.ফিল/সমমানের ডিগ্রী থাকলে ১৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা, তন্মধ্যে ০৫ (পাঁচ) বছর সহযোগী অধ্যাপক হিসেবে। কমপক্ষে ১০টি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে ০৪টি সহযোগী অধ্যাপক হিসেবে। বিষয়ভিত্তিক নিজস্ব শিল্পকর্মের নমুনা জমা দিতে হবে (যদি থাকে)।

২। সহকারী অধ্যাপক

ফাইন আর্টসে পিএইচ. ডি/সমমানের ডিগ্রী থাকলে ০১ (এক) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা ও অন্তত: ০১টি প্রকাশনা থাকতে হবে। বিষয়ভিত্তিক নিজস্ব শিল্পকর্মের নমুনা জমা দিতে হবে (যদি থাকে)। ফাইন আর্টসে এম.ফিল/সমমানের ডিগ্রী থাকলে ০১ (এক) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা ও অন্তত: ০২ টি প্রকাশনা থাকতে হবে। বিষয়ভিত্তিক নিজস্ব শিল্পকর্মের নমুনা জমা দিতে হবে (যদি থাকে)। ফাইন আর্টসে স্নাতকোত্তর ডিগ্রী থাকলে নূন্যতমপক্ষে ০৩ (তিন) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা অন্তত: ০২ টি প্রকাশনা থাকতে হবে। বিষয়ভিত্তিক নিজস্ব শিল্পকর্মের নমুনা জমা দিতে হবে (যদি থাকে)।

উল্লেখ্য যে, অধ্যাপক ও সহকারী অধ্যাপক পদের প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের প্রভাষক পদের নিয়োগের যোগ্যতা অবশ্যই থাকতে হবে ।

৩। প্রভাষক

এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান উভয় পরীক্ষায় মোট জিপিএ ৯.০০ থাকতে হবে। তবে সনাতন পদ্ধতির ক্ষেত্রে উভয় পরীক্ষায় প্রথম বিভাগ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষার মধ্যে একটিতে ৩.২৫ এবং অপরটিতে ৩.৫০ (৪.০০ এর মধ্যে) থাকতে হবে। তবে সনাতন পদ্ধতির ক্ষেত্রে উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে। শিক্ষক হিসেবে নিয়োগের ক্ষেত্রে কোন স্তরে তৃতীয় শ্রেণী/বিভাগ থাকলে তিনি যোগ্য বলে বিবেচিত হবেন না। এম.ফিল/পিএইচ.ডি ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে তৃতীয় শ্রেণীর শর্ত ব্যতীত যে কোন একটি শর্ত শিথিলযোগ্য।

পরিসংখ্যান বিভাগের জন্য প্রযোজ্য

১। সহকারী অধ্যাপক

পরিসংখ্যানে পিএইচ. ডি/সমমানের ডিগ্রী থাকলে ০১ (এক) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা ও অন্তত: ০১টি প্রকাশনা থাকতে হবে। পরিসংখ্যানে এম.ফিল/সমমানের ডিগ্রী থাকলে ০১ (এক) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা ও অন্তত: ০২ টি প্রকাশনা থাকতে হবে। পরিসংখ্যানে স্নাতকোত্তর ডিগ্রী থাকলে নূন্যতমপক্ষে ০৩ (তিন) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা ও অন্তত: ০২ টি প্রকাশনা থাকতে হবে।

উল্লেখ্য যে, সহকারী অধ্যাপক পদের প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের প্রভাষক পদের নিয়োগের যোগ্যতা অবশ্যই থাকতে হবে ।

রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, কুষ্টিয়া-৭০০৩
ফোন : +৮৮ ০৭১-৭৪৯০৪ অফিস, (০৭১) ৭৩৪৩৩ বাসা, পিএবিএক্স: ৭৪৯১০-৭৪৯২০ এক্স. ২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০৭১-৭৪৯০৫, ই-মেইল : registrar@iu.ac.bd, web :www.iu.ac.bd
ইসলামী বিশ্ববিদ্যালয়

নং : প্রশা:/ইবি-২০২২/৭৭১ তারিখ : ১৫.০৩.২০২২

২। প্রভাষক

এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান উভয় পরীক্ষায় মোট জিপিএ ৯.০০ থাকতে হবে। তবে সনাতন পদ্ধতির ক্ষেত্রে উভয় পরীক্ষায় প্রথম বিভাগ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় ৩.৫০ (৪.০০ এর মধ্যে) থাকতে হবে। তবে সনাতন পদ্ধতির ক্ষেত্রে উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে। শিক্ষক হিসেবে নিয়োগের ক্ষেত্রে কোন স্তরে তৃতীয় শ্রেণী/বিভাগ থাকলে তিনি যোগ্য বলে বিবেচিত হবেন না। এম.ফিল/পিএইচ.ডি ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে তৃতীয় শ্রেণীর শর্ত ব্যতীত যে কোন একটি শর্ত শিথিলযোগ্য।

উল্লেখিত, পদগুলোর শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, অন্যান্য প্রশংসাপত্রের সত্যায়িত কপি, নম্বরপত্র ও সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ০৩ কপি সত্যায়িত ছবিসহ ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা কুষ্টিয়ার উপর গৃহীত (অগ্রণী ব্যাংকের যে কোন শাখা হতে) অধ্যাপক পদে প্রার্থীর ক্ষেত্রে ১,৩০০/= (এক হাজার তিনশত) টাকা এবং সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের প্রার্থীর ক্ষেত্রে ১,১০০ (এক হাজার একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ পূর্ণ ১০ (দশ) সেট আবেদনপত্র রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়ার অনুকূলে (চাকুরীরতদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে) আগামী ১৩/০৪/২০২২ তারিখের মধ্যে **রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)**, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া (অফিস চলাকালীন সময়ে) বরাবর পৌঁছাতে হবে।

১৫.০৩.২০২২

(মুঃ আতাউর রহমান)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়